



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল



ইনোভেশন সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কৃষ্ণ পদ হালদার পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ও ইনোভেশন অফিসার, ব্রি।
সভার তারিখ	০৯/০১/২০২০ইং
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা।
স্থান	মহাপরিচালক মহোদয়ের সভা কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"।
আলোচ্য সূচি (ক):	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

আলোচ্য সূচি (খ): ০৯/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

ক্র নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি
১.	রাইস ডক্টর মোবাইল ও ওয়েব অ্যাপস উদ্বোধনের তারিখ নির্ধারণ	১.১ মহাপরিচালক মহোদয় কর্তৃক সময় প্রাপ্তিসাপেক্ষে উদ্বোধনের তারিখ নির্ধারণ করা হবে। ১.২ আইসিটি ডিভিশনস্থ সফটওয়্যার কোয়ালিটি টেস্টিং সেন্টার কর্তৃক রাইস ডক্টর মোবাইল ও ওয়েব অ্যাপস এর কোয়ালিটি যাচাই সংক্রান্ত সনদ প্রদান করা হয়েছে। ১.৩ ইতোমধ্যে মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে ব্রি'র রাইস ডক্টর টিম কর্তৃক উক্ত অ্যাপস পরিবীক্ষণ করা হয়েছে।
২.	ব্রির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি ও অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আলোচনা	১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ১৩.১ 'উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ' মোতাবেক ০৫ দিনব্যাপী ইনোভেশন কর্মশালা থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ নিম্নোক্ত সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। ক) লবণাক্ত অঞ্চলে ধান চাষের প্রযুক্তি প্যাকেজ সরবরাহ-উদ্ভাবনী ধারণার শিরোনাম সংশোধনপূর্বক পাইলটিং বাস্তবায়ন করতে হবে। খ) মুঠোফোনে বালাইনাশক মূল্যায়ন তথ্য-উদ্ভাবনী ধারণাটি সেবা সহজিকরণ (SPS) হিসেবে পাইলটিং বাস্তবায়ন করতে হবে। গ) শস্য বিন্যাস সেবা-উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন করতে হবে। ঘ) ব্রিডার বীজ বিতরণে ক্ষুদ্র বার্তা প্রেরণ-উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং কার্যক্রম সম্প্রসারণপূর্বক আরো নতুন সেবা (মোবাইল ব্যংকিং এর মাধ্যমে পেমেন্ট ইত্যাদি) যুক্ত করতে হবে। ঙ) ঘরের ডাক্তার-উদ্ভাবনী উদ্যোগটি মোবাইল/ওয়েব অ্যাপস উন্নয়নের মাধ্যমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। ১.২ ব্রির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী বাস্তবায়নের অব্যাহত রাখতে হবে। ১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর অর্ধ-বার্ষিক অগ্রগতি প্রতিবেদন ১৫/০১/২০২০ তারিখে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
২.	ব্রির বার্ষিক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি আলোচনা	২.১ বার্ষিক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর আইসিটি ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমগুলো যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। ২.২ বিভিন্ন বিভাগ, শাখা ও আঞ্চলিক কার্যালয় কর্তৃক প্রেরিত সিটিজেন চার্টারের তথ্যসমূহ হালনাগাদপূর্বক ওয়েব পোর্টালে আপলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.	ব্রির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	৩.১ ব্রির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ অনুযায়ী আইসিটি, উদ্ভাবন ও সেবা সহজিকরণ সংক্রান্ত কর্মসূচিসমূহ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।

৪.	ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে উদ্ভাবনী প্রণোদনা সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার প্রদান এবং ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দের সম্মানী প্রদান বিষয়ক আলোচনা	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.১ অনুযায়ী উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ফ্রেস্ট/পুরস্কার/উদ্ভাবনী প্রণোদনা প্রদানের অংশ হিসেবে প্রস্তুতকৃত খসড়া সনদপত্র পরবর্তী সভায় উপস্থাপনপূর্বক চূড়ান্ত করতে হবে।
৫.	ইনোভেশন টিমের সদস্যগণের উদ্ভাবন সংক্রান্ত অধিকতর অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে উদ্ভাবন-বিষয়ক সফল কার্যক্রম চলমান এমন দেশসমূহে স্বল্পমেয়াদে প্রশিক্ষণ/কর্মশালায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.৩ অনুযায়ী ইনোভেশন টিমের সদস্যগণের উদ্ভাবন সংক্রান্ত অধিকতর অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় আর্থিক সংস্থানের জন্য পরিচালক, এনএটিপিঃ ফেজ-২ বরাবর প্রস্তুতকৃত খসড়া পত্র প্রেরণপূর্বক প্রয়োজনীয় যোগাযোগের উদ্যোগ গ্রহণ করতে হবে।
৬.	বিবিধ	৭.১ ত্রি'র সদর দপ্তর ও সকল আঞ্চলিক কার্যালয়ে ই-নথি কার্যক্রম জোরদারকরণের অংশ হিসেবে ইন-হাউজ প্রশিক্ষণ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। ৭.২ প্রতি মাসের ১ম সপ্তাহে ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা আয়োজন করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. কৃষ্ণ পদ হালদার
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)
ও ইনোভেশন অফিসার, ত্রি।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.০৯.০২১.১৯.২৩

তারিখ: ১০ মাঘ ১৪২৬

২৪ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ।

২) প্রিন্সিপাল প্লানিং অফিসার, পরিকল্পনা ও মূল্যায়ন , বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট।



ড. মোঃ ইসমাইল হোসেন
চিফ সাইন্টিফিক অফিসার